

www.wbcsmadeeasy.in

MSC(O)B-2/19

2019

BENGALI-Paper-II

Time Allowed — 3 Hours

Full Marks — 200

If the questions attempted are in excess of the Prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

(উত্তর সাধু বা চলিত যে কোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়।)

ক - বিভাগ

(যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন)

৪০×৩=১২০

- ১। বৈষ্ণব পদাবলীতে 'প্রার্থনা' পর্যায়ের গুরুত্ব কতখানি? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের আরো দুজন পদকর্তার পদ রচনার সঙ্গে তাঁর পদের তুলনামূলক আলোচনা করে এই শ্রেষ্ঠত্বের কারণ নির্ণয় করুন।
- ২। কবি কঙ্কন মুকুন্দরামের চণ্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নামটি কী? এই কাব্যের গ্রন্থোৎপত্তির কারণ অংশটি সমকালের সমাজ ইতিহাসের এক দলিল কীভাবে হয়ে উঠেছে, বিশ্লেষণ করুন।
- ৩। "মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গেই 'চিত্রাঙ্গদা' চরিত্রটির এক বিশেষ উক্তির মাধ্যমে সমগ্র কাব্যটির মূল সুরটি গাঁথা হয়ে গেছে।"— মন্তব্যটির প্রেক্ষিতে চিত্রাঙ্গদা চরিত্রটির পরিচয় দিন।
- ৪। 'কপালকুণ্ডলা' উপন্যাসে কাহিনীকে ছাপিয়ে যে এক বিশেষ ধরনের রোমান্টিক-মিস্টিক পরিবেশ তৈরি হয়ে উঠেছে— সেটি বিশ্লেষণ করুন।
- ৫। "বিচিত্র প্রবন্ধ"-এর 'কেকাধ্বনি' প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের যে এক বিশেষ মানসিকতার প্রকাশ ঘটেছে, উপযুক্ত উদ্ধৃতিসহ তার বিশ্লেষণ করুন।

খ - বিভাগ

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর লিখুন)

৪০×২=৮০

- ১। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের "টোপ" গল্পটিতে টোপ-অনুষঙ্গি যে বিশেষ তাৎপর্য প্রত্যক্ষে এবং পরোক্ষে ব্যবহৃত হয়েছে সেটি বিশ্লেষণ করুন।
- ২। "পথের পাঁচালী" উপন্যাসটির প্রকৃত নায়ক হল 'সময়'; উপন্যাসটির পর্ব-বিভাগের মাধ্যমেই লেখকের এই মনোভাবটি স্পষ্ট হয়েছে;— উপযুক্ত তথ্য সহযোগে বিশ্লেষণ করুন।
- ৩। প্রেমেন্দ্র মিত্রের 'আমি কবি যত কামারের' কবিতাটিতে শ্রেণিবিভাজনের নির্দিষ্ট গুণ্টীটিকে কীভাবে অস্বীকার করা হচ্ছে তা কবিতাটি সম্যক বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।